

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA

Date: 26-04-2026

Time: 07:54-08:00 PM Hrs
BENGALI EVENING BULLETIN

Headlines :

- (১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রযুক্তি নির্ভর বাঁশ ভিত্তিক শিল্পে ত্রিপুরার শিল্পীদের সাফল্যের ভূয়সী প্রশংসা করেছেন।
- (২) রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাল্লু বলেছেন, প্রধানমন্ত্রীর আহ্বানে সাড়া দিয়ে রাজ্যবাসীও 'ভোকাল ফর লোকাল' ভাবনাকে গ্রহণ করেছেন।
- (৩) এডিসির নব নির্বাচিত সদস্যগণ আগামীকাল শপথ গ্রহণ করবেন।
- (৪) কৈলাশহরের রাজ্যভিত্তিক যোগাসন প্রতিযোগিতা অনুষ্ঠিত।

Maan ki Baat-Tripura:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ মন কি বাত এর ১৩৩ তম পর্বে প্রযুক্তি নির্ভর বাঁশ ভিত্তিক শিল্পে ত্রিপুরার শিল্পীদের সাফল্যের ভূয়সী প্রশংসা করেছেন। তিনি বলেন, একসময় বোঝা হিসেবে বিবেচিত বাঁশ আজ উত্তর-পূর্ব ভারতের অর্থনীতি, কর্মসংস্থান এবং উদ্ভাবনের অন্যতম প্রধান শক্তিতে পরিণত হয়েছে। বিশেষ করে নারী সমাজের ক্ষমতায়নে বাঁশ শিল্প গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে।

তিনি আরো বলেন, বর্তমানে ত্রিপুরা, নাগাল্যান্ড, মিজোরাম ও সিকিমসহ সমগ্র উত্তর-পূর্বাঞ্চলে বাঁশ শিল্প দ্রুত প্রসার লাভ করছে। এই প্রসঙ্গে তিনি উদাহরণ দিয়ে বলেন, ত্রিপুরার গোমতী জেলার বিজয় সূত্রধর ও দক্ষিণ ত্রিপুরার প্রদীপ চক্রবর্তী প্রযুক্তিনির্ভর বাঁশ শিল্পে সাফল্য অর্জন করেছেন। নাগাল্যান্ডের বিভিন্ন

স্বনির্ভর গোষ্ঠী বাঁশভিত্তিক খাদ্যপণ্য, আসবাবপত্র ও হস্তশিল্প উৎপাদনে উল্লেখযোগ্য অবদান রাখছে। প্রধানমন্ত্রী সাধারণ জনগনকে উত্তর-পূর্বের বাঁশজাত পণ্য ব্যবহারের জন্য আহ্বান জানিয়েছেন।

Byte Maan Ki Baat-1

Maan ki Baat- Census:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ ‘মন কি বাত’ অনুষ্ঠানে বলেছেন, জনগণনা-২০২৭ কার্যক্রম এবার সম্পূর্ণ ডিজিটাল পদ্ধতিতে পরিচালিত হচ্ছে, যা সাধারণ মানুষের জন্য আরও সহজ, দ্রুত এবং স্বচ্ছ হবে।

শ্রী মোদি দেশবাসীকে আশ্বস্ত করে বলেন, জনগণনায় প্রদত্ত সমস্ত তথ্য সম্পূর্ণ নিরাপদ, গোপনীয় এবং ডিজিটাল নিরাপত্তা ব্যবস্থায় সুরক্ষিত থাকবে। প্রধানমন্ত্রী জনগণনা-২০২৭-কে শুধু সরকারি কর্মসূচি নয়, বরং জাতীয় দায়িত্ব হিসেবে উল্লেখ করে সকল নাগরিককে সক্রিয়ভাবে অংশগ্রহণের জন্য আহ্বান জানান।

Byte Maan Ki Baat-2

Mann Ki Baat-Governor:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেডি নাগ্নু বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির আহ্বানে সাড়া দিয়ে রাজ্যবাসীও ‘ভোকাল ফর লোকাল’ ভাবনাকে গ্রহণ করেছেন। আজ বক্সনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ে মন কি বাত অনুষ্ঠান শোনার পর তিনি একথা বলেন। রাজ্যপাল আজ বক্সনগরে অবস্থিত বৌদ্ধ প্রত্নতাত্ত্বিক স্থলও পরিদর্শন করেন।

Maan Ki Baat- CM:

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ পশ্চিমবঙ্গের দক্ষিণ কৃষ্ণনগর বিধানসভা কেন্দ্রের ৮২ নং বুথে প্রধানমন্ত্রীর মন কি বাত অনুষ্ঠান শোনে। তিনি বলেন, প্রতিটি মন কি বাত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী অনুপ্রেরণামূলক গল্প এবং তথ্য নিয়ে এসেছেন যা সমাজের প্রতিটি অংশকে অনুপ্রাণিত করে। মুখ্যমন্ত্রী বলেন এটা গর্বের বিষয় যে ত্রিপুরা এবং উত্তর-পূর্বের বাঁশ ভিত্তিক শিল্প প্রধানমন্ত্রী দৃষ্টি আকর্ষণ করেছে।

ADC-Oath:

ত্রিপুরা উপজাতি এলাকা স্ব-শাসিত জেলা পরিষদ অর্থাৎ এডিসির নব নির্বাচিত সদস্যগণ আগামীকাল শপথ গ্রহণ করবেন। আগামীকাল বেলা ১১ টায় খুমলুং-স্থিত এডিসির কাউন্সিলিং ভবনে শপথ গ্রহণ অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। নবনির্বাচিত সদস্য সদস্যদের শপথ বাক্য পাঠ করাবেন আইন সচিব শংকরী দাস।

BJP Press Meet:

প্রদেশ বিজেপি এডিসিতে বিভিন্ন দুর্নীতির অভিযোগ তুলে তার যথাযথ তদন্তের জন্য রাজ্যপালের কাছে দাবি জানিয়েছেন। প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরার নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ রাজ্যপালের কাছে স্মারকলিপি পেশ করে এই দাবি জানান। পরে এক সাংবাদিক সম্মেলনে প্রাক্তন সাংসদ রেবতী ত্রিপুরা বলেন, এডিসি'তে বিভিন্ন দুর্নীতি ও ভোট পরবর্তী বিজেপি সমর্থকদের উপর

আক্রমণের প্রতিবাদে আগামীকাল শপথ গ্রহণ অনুষ্ঠানে অংশগ্রহণ করবে না
প্রদেশ বিজেপি।

World Malaria Day- South:

বিশ্ব ম্যালেরিয়া দিবস উপলক্ষে গতকাল দক্ষিণ জেলার জোলাইবাড়ি সামাজিক
স্বাস্থ্যকেন্দ্রের উদ্যোগে জোলাইবাড়ি রেলস্টেশনে ম্যালেরিয়া রোগ প্রতিরোধে
সচেতনতামূলক প্রচার ও বিনামূল্যে ঔষধ বিতরণ করা হয়। বাইখোড়া
প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে আলোচনাসভায় দক্ষিণ জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক
ডা: জোতির্ময় দাস ম্যালেরিয়া রোগের কারণ, প্রতিরোধ, সঠিক সময়ে রোগ
নির্ণয়, সম্পূর্ণ চিকিৎসা গ্রহণ এবং রোগীর যথাযথ ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা
করেন।

TGEF:

আগরতলায় স্টুডেন্ট হেলথ হোমে আজ ত্রিপুরা সরকারি কর্মচারী
ফেডারেশনের রাজ্য সম্মেলন অনুষ্ঠিত হয়। সম্মেলনে বক্তব্য রাখেন প্রদেশ
কংগ্রেস সভাপতি আশীষ কুমার সাহা, বিধায়ক বিরজিৎ সিনহা প্রমুখ।

State Level Yoga:

কৈলাশহরের উনকোটি কলাক্ষেত্রে আজ রাজ্যভিত্তিক যোগাসন প্রতিযোগিতা
অনুষ্ঠিত হয়। উদ্বোধন করেন, উনকোটি জিলা পরিষদের সভাপতি অমলেন্দু
দাশ। সারা রাজ্য থেকে প্রায় ১৫০ প্রতিযোগী এই প্রতিযোগিতায় অংশ নেয়।

North-East Cricket:

উত্তরপূর্ব অনূর্ধ্ব ১৫ বছরের মেয়েদের ক্রিকেট প্রতিযোগিতায় ত্রিপুরা রানার্স হয়েছে। আজ গুয়াহাটীর জর্জ মাঠে অনুষ্ঠিত ফাইনালে স্বাগতিক আসাম ১১ রানে রাজ্যদলকে হারিয়ে দেয়।

Weather:

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের উত্তর, ধলাই, উনকোটি, খোয়াই ও পশ্চিম জেলায় ৩০ থেকে ৪০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া সহ বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। তাছাড়া বাকি জেলাগুলিতে বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩৩.৬ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২১.৩ ডিগ্রি সেলসিয়াস। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৩ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৬.৭ মিলিমিটার।
